# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## সমাজকর্ম প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ১ |

সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট　　　　পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.** ▶ আমজাদ হোসেন একজন অবসরপ্রাপ্ত সরকারি সমাজসেবা কর্মকর্তা। তিনি অবসরের সময়টুকু গ্রামের মানুষের সাথে কাটানোর জন্য গ্রামে চলে যান। তিনি সেখানে একটি শিক্ষা প্রতিষ্ঠান চালু করেন। সেখানে কম্পিউটার, ভাষা শিক্ষা ও জীবন দক্ষতা বিষয়ক ট্রেনিং দেওয়া হয়। এই সেন্টার থেকে অনেকেই দেশের বাইরে গিয়ে সফলতা অর্জন করেছেন। অনেকে দেশেই স্বাবলম্বী হয়ে সমাজে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছেন।

ক. সমাজকর্ম কাকে বলে? ১

খ. সমাজকর্মকে বৈজ্ঞানিক জ্ঞান ও মানবিক দক্ষতাসম্পন্ন পেশাদারী সেবাকর্ম বলা হয় কেন? ২

গ. উদ্দীপক ও পাঠ্যবইয়ের আলোকে সমাজকর্মের লক্ষ্য ও উদ্দেশ্যের সাদৃশ্যপূর্ণ বর্ণনা কর। ৩

ঘ. সমাজকর্মের মাধ্যমে পেশাদারী জ্ঞান ও দক্ষতার উন্নয়ন ঘটে— উদ্দীপকের আলোকে আলোচনা কর। ৪

**২.** ▶ রাজন একাদশ শ্রেণিতে পড়ে। তার স্বপ্ন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকর্মে পড়াশুনা করে একজন সফল সমাজকর্মী হিসেবে প্রতিষ্ঠিত হবে। তার চাচা জাকির ঢাকা বিশ্ববিদ্যালয়ে সমাজকর্মে পড়ছেন। রাজন তার চাচাকে তার পরিকল্পনার কথা বলল। তার চাচা তাকে অভয় দিলেন এবং বললেন চেষ্টা থাকলে সবকিছুই সম্ভব।

ক. সমাজকর্ম কলা, পেশা না বিজ্ঞান? ১

খ. সমাজকর্মকে মূল্যবোধ নির্দেশিত পেশা বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের আলোকে সমাজকর্মের বৈশিষ্ট্যগুলো আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে জাকির সমাজকর্ম সম্পর্কে যা বলেছে তা ব্যাখ্যা কর। ৪

**৩.** ▶ শিল্প বিপ্লব মানব জাতির ইতিহাসে অত্যন্ত তাৎপর্যপূর্ণ ঘটনা। শিল্প বিপ্লবের ফলে মানুষের চিন্তার জগতে নবদিগন্তের সূচনা হয়েছে। মানুষের এ উন্নত মানসিকতার ফলে পেশাগত সমাজকর্মের মূল উৎস হিসেবে শিল্প বিপ্লবকে বিবেচনা করা হয়। প্রাথমিক পর্যায়ে বিভিন্ন স্বল্পকালীন কোর্স ও পরবর্তীতে বিশ্ববিদ্যালয় পর্যায়ে উচ্চতর শিক্ষা কর্মসূচি প্রণয়নের মাধ্যমে সমাজকর্ম শিক্ষার বিকাশ হয়। সমাজকর্ম পদ্ধতি ও সমাজকর্ম শিক্ষার বিকাশে শিল্প বিপ্লবের প্রভাব সবচেয়ে বেশি বলে মনে করা হয়।

http://teachingbd.com

ক. প্রফেসর উইলিয়াম প্রদত্ত শিল্প বিপ্লবের সংজ্ঞা দাও। ১

খ. শিল্প বিপ্লবের পরে সনাতন সমাজ কল্যাণ পদ্ধতি ব্যর্থ হয়েছিল কেন? ২

গ. সমাজকর্ম শিক্ষার বিকাশে শিল্প বিপ্লবের ভূমিকা উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. 'পেশাগত সমাজকর্মের বিকাশে শিল্প বিপ্লব একটি মাইলফলক হিসেবে বিবেচিত হয়।' উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৪. ▶ইকবাল হোসেন পেশায় একজন চিকিৎসক। সলিমুল্লাহ মেডিক্যাল কলেজ থেকে জ্ঞান ও দক্ষতা অর্জন করে শিক্ষাজীবন শেষ করে চিকিৎসক হওয়ার যোগ্যতা অর্জন করেছেন। এখন সে চিকিৎসা শাস্ত্রের প্রয়োগ সম্পর্কিত বাস্তব ও উচ্চতর জ্ঞান অর্জনের জন্য খ্যাতিমান চিকিৎসকের নিকট থেকে শিক্ষালাভ করছে। তার ইচ্ছা এই পেশার মাধ্যমে জনকল্যাণ করবে।

ক. বৃত্তি কী? ১

খ. পেশা বলতে কী বোঝায়? ২

গ. ইকবাল হোসেন এর পেশার যে বৈশিষ্ট্য ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. ইকবাল হোসেনের ইচ্ছার মধ্য দিয়ে সমাজকর্ম পেশার গুরুত্ব বৃদ্ধি পায়— কথাটি সমাজকর্ম পেশার বৈশিষ্ট্যের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫. ▶আরিফদের এলাকায় প্রায়ই বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ দেখা দেয়। ফলে তাদের এলাকার লোকেরা এই ধরনের দুর্যোগ মোকাবিলার জন্য প্রতিবছর তাদের উৎপাদিত ফসলের একটি উদ্বৃত্ত অংশ নির্দিষ্ট স্থানে জমা করে রাখে। দুর্যোগকালীন সময়ে তারা এই ফসল ব্যবহার করে।

ক. ওয়াকফ কী? ১

খ. যাকাত বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে আরিফদের এলাকায়, গৃহীত ব্যবস্থার সাথে সনাতন সমাজকল্যাণের কোন ব্যবস্থার সামঞ্জস্য রয়েছে? ৩

ঘ. সমাজকল্যাণে উক্ত ব্যবস্থার গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

৬. ▶মানবজীবন বিভিন্ন অর্থনৈতিক কর্মকাণ্ডকে ঘিরেই আবর্তিত হয়। মানুষের নানা ধরনের জটিল সমস্যা সৃষ্টি হয় অর্থনীতিকে কেন্দ্র করেই। সমাজের সামগ্রিক কল্যাণ সাধনে অর্থনীতির ভূমিকা অপরিসীম। তাই সামজকর্মের সাথে অর্থনীতির সম্পর্ক অত্যন্ত ঘনিষ্ঠ। স্বাবলম্বিতা অর্জন সম্পর্কে সুষ্ঠু ব্যবহার, মৌল মানবিক চাহিদা পূরণ, কর্মসংস্থান সৃষ্টি ইত্যাদি নানা ক্ষেত্রে সমাজকর্মে অর্থনীতির জ্ঞান আবশ্যক। অর্থনীতি ও সমাজকর্মের সম্পর্ক তাই অত্যন্ত ঘনিষ্ঠ ও নির্ভরশীল।

ক. সামাজিক বিজ্ঞান কী? ১

খ. অর্থনীতি বলতে কী বোঝায়? ২

http://teachingbd.com

গ. অর্থনীতি ও সমাজকর্ম কিভাবে সম্পর্কিত উদ্দীপক ও পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. অর্থনীতির জ্ঞান সমাজকর্মে প্রয়োজন কেন? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭. ▶ সুমিত একজন পেশাদার সমাজকর্মী। সে একটি সমাজকর্ম প্রতিষ্ঠানে কাজ করে। তার কাছে একজন সমস্যাগ্রস্ত ব্যক্তি সাহায্যের জন্য আসে। সুমিত দেখতে পায় সাহায্যপ্রার্থীর সমস্যা একক ও ব্যক্তিগত। সে জন্য তাকে সমস্যার ধরন অনুযায়ী পদ্ধতি প্রয়োগ করে সাহায্য করতে হবে।

ক. সমাজকর্মে কয় ধরনের পদ্ধতি রয়েছে? ১

খ. দল সমাজকর্ম পদ্ধতি বলতে কী বোঝায়? ২

গ. সুমিতের কাছে আগত সাহায্যপ্রার্থীর ধরন নিরূপণ কর। ৩

ঘ. কী কী উদ্দেশ্য সামনে রেখে সুমিত উক্ত পদ্ধতি প্রয়োগ করতে পারে? বিশ্লেষণ কর। ৪

৮. ▶ বাংলাদেশে জনসংখ্যা অনেক বেশি। অতিরিক্ত জনসংখ্যার চাপে দেশ অনেক পিছিয়ে পড়েছে। দেশের সব সমস্যার মূলে রয়েছে অতিরিক্ত জনসংখ্যা। এই জনসংখ্যা সমস্যা সমাধানের জন্য সরকার দুই সন্তানের নীতি গ্রহণ করে।

ক. দেশে নারী নীতি কবে পাস হয়? ১

খ. সামাজিক নীতি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বাংলাদেশ সরকারের গৃহীত নীতিকে কী নীতি বলা যায়? নিরূপণ কর। ৩

ঘ. সরকারের এ ধরনের নীতির উদ্দেশ্য বিশ্লেষণ কর। ৪

৯. ▶ বাংলাদেশে পেশাদার সমাজকর্মীর উৎপত্তি হয়েছে খুব বেশি দিন হয়নি। এদেশে আধুনিক ও পেশাদার সমাজকর্মের বিকাশে জাতিসংঘ ও বিদেশি সংগঠনগুলোর ভূমিকা অনেক বেশি। সমাজকর্মের বিভিন্ন কর্মসূচি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উন্নত দেশগুলোর মতো এদেশেও সমাজকর্মের যাত্রা শুরু হয়েছে। পাকিস্তান আমলে সমাজকর্ম একটি সাহায্যকারী পেশা। এদেশে সমাজকর্মের মাধ্যমে বহু আর্থ-সামাজিক সমস্যার কার্যকর সমাধান সম্ভব হয়েছে।

ক. কত সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা হয়? ১

খ. বাংলাদেশে সমাজকর্ম পেশার একটি সমস্যা ব্যাখ্যা কর। ২

গ. বাংলাদেশে আধুনিক সমাজকর্মের যাত্রা শুরু হয়েছে কীভাবে? উদ্দীপক ও পাঠ্যবই এর আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশে সমাজকর্ম পেশার বিকাশে সমস্যাসমূহ কী কী? এ সমস্যার কার্যকর সমাধানে কী কী পদক্ষেপ নেওয়া যায়— ব্যাখ্যা কর। ৪

Teachingbd.com

# সমাজকর্ম প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ২ ৭ ১

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. আধুনিক সমাজকর্মের পদ্ধতিগত রূপ কোনটি?
ক সরকারি সমাজকল্যাণ
খ বেসরকারি সমাজকল্যাণ
গ পেশাদার সমাজকর্ম
ঘ সনাতন সমাজকল্যাণ

২. ব্যক্তি ও পরিবেশের মধ্যে কার্যকর মিথস্ক্রিয়ায় সাহায্য করে কোনটি?
ক পৌরনীতি ও সুশাসন খ ইতিহাস
গ অর্থনীতি ঘ সমাজকর্ম

৩. কোন ধরনের জনগোষ্ঠীকে জনসম্পদ বলে?
ক বৃহৎ জনগোষ্ঠীকে
খ ঐক্যবদ্ধ জনগোষ্ঠীকে
গ বিচ্ছিন্ন জনগোষ্ঠীকে ঘ দক্ষ জনগোষ্ঠীকে

৪. রাব্বি একজন সমাজকর্মী। ব্যক্তি, দল ও সমষ্টির সমস্যা সমাধানে মানুষকে সাহায্য করার ক্ষেত্রে রাব্বির ব্যবহৃত পদ্ধতি হিসেবে সমর্থনযোগ্য কোনটি?
ক সমাজকল্যাণ পদ্ধতি খ সমাজকর্ম পদ্ধতি
গ প্রাকৃতিক পদ্ধতি ঘ সামাজিক পদ্ধতি

৫. সমাজকর্ম অনুশীলনে মানুষের ক্ষমতায়ন হয়। এর যৌক্তিক কারণ কী?
ক আত্মনির্ভরশীল করে তোলে
খ জ্ঞানী করে তোলে
গ শ্রমজীবী করে তোলে
ঘ দাম্ভিক করে তোলে

৬. ইংল্যান্ডের প্রথম দরিদ্র আইন কত সালে প্রণীত হয়?
ক ১৩৪৯ সালে খ ১৩৫১ সালে
গ ১৩৫৪ সালে ঘ ১৩৫৭ সালে

৭. কখন ১৬০১ সালের দরিদ্র আইন সংস্কার করা হয়?
ক ১৮৩০ সালে খ ১৮৩২ সালে
গ ১৮৩৪ সালে ঘ ১৮৩৬ সালে

৮. রাজা অষ্টম হেনরি কর্তৃক প্রণীত দরিদ্রদের জন্য আইনটি কোন ধরনের পদক্ষেপ?
ক গঠনমূলক পদক্ষেপ খ অসংগঠিত পদক্ষেপ
গ সামাজিক পদক্ষেপ ঘ সংগঠিত পদক্ষেপ

৯. মানুষের জীবনধারা বদলে গেছে কীসের মাধ্যমে?
ক দান সংগঠন খ সমাজকর্ম
গ শিল্প বিপ্লব ঘ রেনেসাঁ

১০. দরিদ্র পরিবারের সন্তান তনুর বয়স যখন ২ বছর তখন তার বাবা-মা মারা যায়। তনুর ক্ষেত্রে নিচের কোনটি প্রযোজ্য?
ক সক্ষম দরিদ্র খ অক্ষম দরিদ্র
গ সহনশীল দরিদ্র ঘ নির্ভরশীল দরিদ্র

১১. বিংশ শতাব্দীর শুরুতে ইংল্যান্ডে ভয়াবহ বেকারত্বের কারণ কী বলে তুমি মনে করো?
ক প্রাকৃতিক দুর্যোগ খ উৎপাদন হ্রাস
গ কয়লা খনি বন্ধ হওয়া ঘ দুর্ভিক্ষ দেখা দেয়

১২. পেশার জন্য নিচের কোনটি অপরিহার্য?
ক তাত্ত্বিক জ্ঞান খ ব্যবহারিক জ্ঞান
গ মূলধন ঘ তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান

১৩. সমাজের বহুমুখী জটিল সমস্যা সমাধানে কে মুখ্য ভূমিকা পালন করে?
ক ডাক্তার খ সমাজকর্মী
গ উকিল ঘ রাজনীতিক

১৪. কোন বিশ্ববিদ্যালয় সর্বপ্রথম সমাজকর্ম স্বতন্ত্র বিষয় হিসেবে স্বীকৃতি দেয়?
ক শিকাগো বিশ্ববিদ্যালয়
খ অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়
গ কলম্বিয়া বিশ্ববিদ্যালয়
ঘ হার্ভার্ড বিশ্ববিদ্যালয়

১৫. বৃত্তির জন্য কোন জিনিসটি বেশি দরকার?
ক শারীরিক সামর্থ্য খ উচ্চতর দক্ষতা
গ বিশেষ প্রশিক্ষণ ঘ বিবেক ও বুদ্ধি

১৬. আরমান সাহেব সদ্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগ থেকে বি. এস. সি ও এম. এস. সি ডিগ্রি অর্জন করেন, যা কাজে লাগিয়ে তিনি জীবিকা অর্জন করতে চান। আরমান সাহেবের ঐ জীবিকা অর্জনের পন্থাকে বলতে পারি-
ক নেশা খ পেশা
গ বৃত্তি ঘ ব্যবসা

১৭. আজাদ একজন সমাজকর্মী। সমাজের কল্যাণের জন্য তিনি বর্ণ, গোত্র, শ্রেণি সকল কিছুর উর্ধ্বে থেকে পেশাগত দায়িত্ব পালন করে যাচ্ছেন। আজাদ তার পেশাগত জীবনে কোন নীতিমালা অনুযায়ী কাজ করেন?
ক সমাজকর্মের নীতিমালা
খ সামাজিক নীতিমালা
গ নৃ-বিজ্ঞানের নীতিমালা
ঘ ভূ-তত্ত্বের নীতিমালা

১৮. কখন মানুষ দেশ ও জাতির জন্য আশীর্বাদ বলে গণ্য হয়?
ক যখন মানুষের প্রচুর অর্থ থাকে
খ যখন মানুষের প্রচুর সম্পত্তি থাকে
গ যখন মানুষকে মানব সম্পদে পরিণত করা যায়
ঘ যখন মানুষকে সৈনিকে পরিণত করা যায়

১৯. কোনটি অতি প্রাচীন সমাজকল্যাণ প্রতিষ্ঠান?
ক জাকাত খ সরাইখানা
গ দানশীলতা ঘ সদ্‌কা

http://teachingbd.com

২০. সদ্কা কত প্রকার?
ক) দুই প্রকার খ) তিন প্রকার
গ) চার প্রকার ঘ) পাঁচ প্রকার

২১. কত খ্রিস্টাব্দে সতীদাহ প্রথা নিষিদ্ধ করেন লর্ড বেন্টিংক?
ক) ১৮১১ সালে খ) ১৮২৯ সালে
গ) ১৮১৮ সালে ঘ) ১৮১৯ সালে

২২. সমাজকর্ম ও সমাজকল্যাণের সম্পর্ক কেমন?
ক) বিপরীত খ) সমরূপী
গ) পরিপূরক ঘ) সম্পূরক

২৩. কীভাবে ভিক্ষাবৃত্তি উচ্ছেদ করা সম্ভব?
ক) জাকাত প্রদানের মাধ্যমে
খ) কর্মসংস্থানের মাধ্যমে
গ) সম্পদ দানের মাধ্যমে
ঘ) পরিলক্ষিত উপায়ে

২৪. জসিম মামা সরাইখানা দেখেছেন। সরাইখানার সাথে কোনটির সাদৃশ্য রয়েছে?
ক) গুদাম খ) বাসাবাড়ি
গ) হোটেল ঘ) দোকান

২৫. মানুষের চাহিদা অসীম, কিন্তু সম্পদ সসীম-এটি দ্বারা সম্পদের কী প্রকাশ পায়?
ক) চাহিদা খ) প্রাচুর্য
গ) সীমাবদ্ধতা ঘ) অভাব

২৬. ম্যাক্স ওয়েবার কে?
ক) উদ্ভিদ বিজ্ঞানী খ) সমাজ বিজ্ঞানী
গ) নৃবিজ্ঞানী ঘ) ঐতিহাসিক

২৭. জনবিজ্ঞান কী?
ক) শারীরিক ও মানসিক চিকিৎসা সম্পর্কিত বিজ্ঞান
খ) আচরণ ও বৃদ্ধি-বিকাশ সম্পর্কিত বিজ্ঞান
গ) জন্মশীলতা, মরণশীলতা ও স্থানান্তর সম্পর্কিত বিজ্ঞান
ঘ) মানব উৎস, বিবর্তন ও ইতিহাস সম্পর্কিত বিজ্ঞান

২৮. সমাজের অবাঞ্ছিত ও অপ্রত্যাশিত অবস্থা দূর করা যায় কিভাবে?
ক) সমাজকর্মের মাধ্যমে
খ) আইন প্রণয়নের মাধ্যমে
গ) সাংবাদিকের সাহায্যে
ঘ) মনোচিকিৎসকের মাধ্যমে

২৯. রতন একটি বিষয় নিয়ে অনার্স করছে, যাতে গবেষণা, জরিপ প্রভৃতির উপর জোর দেওয়া হয়। উক্ত বিষয় নিচের কোনটিকে নির্দেশ করছে?
ক) সমাজকর্ম খ) মনোবিজ্ঞান
গ) অর্থনীতি ঘ) রাষ্ট্রবিজ্ঞান

৩০. সমাজকর্ম পেশা উদ্ভবের যথার্থ কারণ কী?
ক) রেনেসাঁ খ) নগরায়ন
গ) শিল্প বিপ্লব ঘ) শহরায়ন

৩১. NASW কী?
ক) মহাকাশ গবেষণা সংস্থা
খ) পারিবারিক স্বাস্থ্যকেন্দ্র
গ) গবেষণা সংস্থা
ঘ) আমেরিকার জাতীয় সমাজকর্মী সমিতি

৩২. সমষ্টি সংগঠন কোন ধরনের এলাকায় প্রয়োগ করা হয়?
ক) দরিদ্র এলাকায় খ) উন্নত এলাকায়
গ) গ্রামীণ এলাকায় ঘ) শিল্পায়িত এলাকায়

৩৩. সমাজের মানুষ কোন কার্য দলীয় প্রচেষ্টায় সম্পন্ন করতে চায়। এতে কোন বিষয়টি ফুটে ওঠে?
ক) প্রতিযোগিতা খ) সামাজিকতা
গ) সহমর্মিতা ঘ) সহযোগিতা

৩৪. সামাজিক নীতির মূল্য উদ্দেশ্য কোনটি?
ক) জনগণের সর্বাধিক আর্থসামাজিক কল্যাণ সাধন
খ) দুর্বল ও অসহায় শ্রেণির স্বার্থ সংরক্ষণ
গ) সীমিত সম্পদের অপচয় রোধ
ঘ) পরিবর্তিত পরিস্থিতির সাথে সামঞ্জস্য বিধানে জনগণকে সহায়তা করা

৩৫. কীসের উপর ভিত্তি করে সামাজিক নীতি প্রণীত হয়ে থাকে?
ক) সমাজকর্মীর দক্ষতার উপর
খ) নারীর ক্ষমতায়নের উপর
গ) সুষ্ঠু পরিকল্পনা গ্রহণের উপর
ঘ) বাস্তবভিত্তিক তথ্যের উপর

৩৬. খসড়া নীতি প্রনয়ণের পরবর্তী ধাপ কোনটি?
ক) কমিটি গঠন খ) কর্মসূচি প্রণয়ন
গ) নীতি বিশ্লেষণ ঘ) Vague Policy গ্রহণ

৩৭. জাতীয় নারী উন্নয়ন নীতির লক্ষ্য হলো-
ক) নারীর মানবাধিকার প্রতিষ্ঠা
খ) নারীকে ক্ষুদ্র গোষ্ঠী বলা
গ) নারীদের বিদেশ যাত্রা সুগম করা
ঘ) নারীদের পর্দা নিশ্চিত করা

৩৮. সমাজকর্ম পেশা পরিপূর্ণতা অর্জনে বাধাগ্রস্ত হচ্ছে কেন?
ক) দক্ষ ও যোগ্য জনবলের অভাব
খ) পেশাগত সংগঠনের অভাব
গ) প্রয়োগ ক্ষেত্রের অভাব
ঘ) ভালো বেতনের অভাব

৩৯. রহিম একটি পত্রিকা পাঠ করে সমাজকল্যাণ কার্যক্রমের বিভিন্ন সচিত্র প্রতিবেদন ও তথ্য পায়। সে পত্রিকাটি নিচের কোনটি হতে পারে?
ক) প্রথম আলো খ) আলোর মিছিল
গ) সমাজকল্যাণ ঘ) সমাজের চিত্র

৪০. অনার্স পাঠক্রম (সমাজকর্মে) শেষে পরবর্তী ২ মাস বাধ্যতামূলক ব্যবহারিক প্রশিক্ষণের যৌক্তিক কারণ কোনটি?
ক) অর্জিত জ্ঞান বাস্তবে প্রয়োগ করার ক্ষমতা অর্জন
খ) অবসরের ছুটি কাটানো
গ) চাকরির নিশ্চয়তার জন্য
ঘ) ভালো বেতন পাওয়ার জন্য

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | ক | ৬ | ক | ৭ | গ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ক | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | গ | ২০ | ক |
| | ২১ | খ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | গ | ৩১ | ঘ | ৩২ | খ | ৩৩ | ঘ | ৩৪ | ঘ | ৩৫ | গ | ৩৬ | খ | ৩৭ | ক | ৩৮ | খ | ৩৯ | গ | ৪০ | ক |

Teachingbd.com
http://teachingbd.com